

রেল মন্ত্রকের নির্দেশে স্বচ্ছ ভারত মিশন-এর আওতায় ১০-১৬ আগস্ট সপ্তাহব্যাপী চিত্তরঞ্জন লোকোমোটিভ ওয়ার্কসের বিভিন্ন দপ্তরে পালিত হচ্ছে পরিচ্ছন্নতা কর্মসূচী। -নিজস্ব চিত্র।



কলকাতা মেট্রো রেলওয়ের উদ্যোগী সপ্তাহব্যাপী বিশেষ পরিচ্ছন্নতা কর্মসূচী পালিত হচ্ছে বিভিন্ন মেট্রো স্টেশন এলাকায়। -নিজস্ব চিত্র।



পরিচ্ছন্নতা সপ্তাহ পালনের অঙ্গ হিসাবে মঙ্গলবার পূর্ব রেলের অন্তর্গত মালদা স্টেশনের টিকিট কাউন্টার স্যানিটাইজ করা হচ্ছে। -নিজস্ব চিত্র।

# করোনা নিয়ে হাসপাতালে শিশুকন্যা ধর্ষণে অভিযুক্ত

দুরন্ত বার্তা, রায়গঞ্জ, ১১ আগস্ট ঃ রায়গঞ্জ জেলা সংশোধনাগারে করোনার থাবা। এক বিচারাধীন বন্দির শরীরে করোনা সংক্রমণের হদিস মিলতেই ব্যাপক চাঞ্চল্য ছড়াল রায়গঞ্জ শহরের কলেজ পাড়ায় অবস্থিত জেলা সংশোধনাগারে। হাসপাতাল সূত্রে জানা গিয়েছে, করোনা আক্রান্ত বিচারাধীন ওই বন্দি রায়গঞ্জ মেডিকেল কলেজের কয়েদি রুমে চিকিৎসাধীন। ওই বন্দিকে মিক্কিমেঘা কোভিড হাসপাতালে স্থানান্তরিত করা হচ্ছে হাসপাতাল সূত্রে খবর। রায়গঞ্জ থানার ভাতুন গ্রাম পঞ্চায়েতের ভাটোল গ্রামের বাসিন্দা ওই ব্যক্তির বিরুদ্ধে চার বছরের শিশুকন্যাকে ধর্ষণের অভিযোগ ওঠে। দিন পনেরো আগে অভিযুক্তকে গ্রেফতার করে ভাটোল ফাঁড়ির পুলিশ। এরপর আদালতে তোলা হলে পকসো আইনে জেল হেপাজতের নির্দেশ দেন বিচারক। দিনকয়েক আগে প্রবল জ্বর ও শ্বাসকষ্ট নিয়ে তিনি মেডিকেল কলেজ ও হাসপাতালে ভর্তি হন। এরপর লালার নমুনা সংগ্রহ করে রায়গঞ্জ মেডিকেল কলেজের ভাইরোলজিক্যাল ল্যাবে পাঠানো হয়। রিপোর্ট পজিটিভ আসতেই রীতিমতো হুলুস্থূলু কান্ড বেঁধে যায় রায়গঞ্জ মেডিকেল কলেজ ও হাসপাতালের কয়েদি রুমে। এদিন সকালে খবর চাউর হয়ে যায় সংশোধনাগারে। ফলে রীতিমতো আতঙ্কে বিচারাধীন বন্দিরা। রায়গঞ্জ মেডিকেল কলেজের নোডাল অফিসার বিপ্লব হালদার বলেন, এক বিচারাধীন বন্দির লালার নমুনার পজিটিভ রিপোর্ট এসেছে। তাঁকে কোভিড হাসপাতালে স্থানান্তরিত করা হয়েছে। ওই বন্দির চিকিৎসা করছেন রায়গঞ্জ মেডিকেল কলেজের মেডিসিন বিভাগের চিকিৎসক অভিজিৎ সরকার। এই প্রসঙ্গে জেল সুপার সম্রাট ভট্টাচার্য কোন মন্তব্য করতে চাননি। ওই বিচারাধীন বন্দি জেল হেপাজত থাকাকলীন সংশোধনাগারে একাধিক বন্দির সঙ্গে অবাধে মিশেছেন। তাঁর সংস্পর্শে এসেছেন বহু বন্দি। সব মিলিয়ে ব্যাপক হইচই পড়ে গিয়েছে সংশোধনাগারে। এদিকে, উত্তর দিনাজপুর জেলায় মোট করোনা আক্রান্তের সংখ্যা ১৩৬১। সুস্থ হয়ে বাড়ি ফিরেছেন ১১২০ জন। সক্রিয় করোনা রোগী রয়েছেন ২২৪ জন। করোনা আক্রান্ত হয়ে মৃত্যু হয়েছে ১৭ জনের। তবে ইসলামপুর মহকুমার তুলনায় রায়গঞ্জ মহকুমায় করোনা আক্রান্তের সংখ্যা বেশি থাকায় প্রশাসন উদ্বেগ প্রকাশ করেছে। সম্প্রতি জেলায় সুস্থতার হার আগের তুলনায় ১০ শতাংশ বেড়েছে জানা গিয়েছে। উল্লেখ্য, জেলার মধ্যে প্রথম করোনা আক্রান্তের হদিস পাওয়া গিয়েছিল রায়গঞ্জ মহকুমায়। জেলা স্বাস্থ্য দপ্তরের তরফে জানানো হয়েছে, করোনা সংক্রমণ রুখতে তারা সর্বদা সচেষ্ট রয়েছে। জেলার মুখ্য স্বাস্থ্য আধিকারিক রবীন্দ্রনাথ প্রধান বলেন, আমাদের জেলায় করোনা আক্রান্ত রোগীর মধ্যে অধিকাংশই সুস্থ হয়ে গিয়েছেন। অনেকের মধ্যেই কোনও উপসর্গ নেই। তাঁদের জন্য সঠিক চিকিৎসা পদ্ধতি চালু করা হয়েছে। কোনও ভাবেই যাতে সংক্রমণ না ছড়ায়, সেই বিষয়টি লক্ষ্য করা হচ্ছে। এদিন স্বাস্থ্য দপ্তরের রাষ্ট্রমন্ত্রী চন্দ্রিমা ভট্টাচার্য উত্তর দিনাজপুর জেলার মুখ্য স্বাস্থ্য আধিকারিককে ফোন করেন। চিকিৎসক-নার্স ও স্বাস্থ্যকর্মীদের শারীরিক অবস্থার খবর নেন। ক'জন নার্স-চিকিৎসক ও স্বাস্থ্যকর্মী করোনায় আক্রান্ত হয়েছেন, সে খবর নেন তিনি। সুস্থতার দিক থেকে এই জেলা অন্যান্য জেলা থেকে অনেকটাই এগিয়ে। খোঁজ নেন রায়গঞ্জের মিক্কিমেঘা কোভিড হাসপাতালের। মুখ্য স্বাস্থ্য আধিকারিক বলেন, স্বাস্থ্যমন্ত্রী চিকিৎসক-নার্স ও স্বাস্থ্যকর্মীদের খোঁজখবর নেন। সমস্ত তথ্য মাননীয় স্বাস্থ্যমন্ত্রীকে জানিয়েছি। এদিকে দিনের পর দিন রোগীর সংখ্যা বাড়ার কারণে উদ্বেগে রয়েছেন সাধারণ মানুষ। যদিও উত্তর দিনাজপুর জেলার রায়গঞ্জ মহকুমায় করোনা রোগীদের সংখ্যা বেশি হওয়ার কারণ কী, সেই ব্যাপারে এখনও পর্যন্ত স্পষ্ট কারণ জানাতে পারেনি স্বাস্থ্য দপ্তর।

# করোনায় আক্রান্ত হয়ে মৃত ২ প্রৌঢ়া

দুরন্ত বার্তা, আসানসোল, ১১ আগস্ট ঃ গত ২৪ ঘন্টায় আসানসোল জেলা হাসপাতালের আইসোলেশান ওয়ার্ডে দুই প্রৌঢ়ার মৃত্যু হয়। মৃত দু'জনের বয়স আনুমানিক ৬০ ও ৬২ বছর। তারমধ্যে একজনের বাড়ি আসানসোলের রেলপার এলাকায়। অন্যজন জামুড়িয়ার বাসিন্দা বলে হাসপাতাল সূত্রে জানা গিয়েছে। জেলা স্বাস্থ্য দপ্তর ও জেলা হাসপাতাল সূত্রে খবর, দু'জনের লালা নমুনা পরীক্ষার রিপোর্ট পজিটিভ আসে। হাসপাতাল সূত্রে খবর, আসানসোলের রেলপারের ওই প্রৌঢ়া সোমবার সকালে জেলা হাসপাতালের আইসোলেশান ওয়ার্ডে ভর্তি হন। সেই সময় তার শারীরিক অবস্থা সংকটজনক ছিল। করোনার বেশকিছু উপসর্গ থাকায় প্রৌঢ়ার লালা নমুনা করোনা পরীক্ষার জন্য নেওয়া হয়। ঘন্টা তিনেকের মধ্যে তার মৃত্যু হয়। পরে হাসপাতাল কর্তৃপক্ষ জানতে পারেন, প্রৌঢ়া করোনা আক্রান্ত। জামুড়িয়ার এক প্রৌঢ়া রবিবার আইসোলেশান ওয়ার্ডে ভর্তি হন। তারও লালা নমুনা পরীক্ষার জন্য নেওয়া হয়েছিল। পরীক্ষার পরে জানা যায়, তিনিও করোনা আক্রান্ত। মঙ্গলবার সকালে তার আইসোলেশান ওয়ার্ডে মৃত্যু হয়। স্বাস্থ্য দপ্তর সূত্রে বলা হয়েছে, মৃত দু'জনের পরিবারের সদস্যদের জানানো হয়েছে। নির্দিষ্ট প্রোটোকল মেনে তাদের দেহ সৎকারের ব্যবস্থা করা হবে। এদিকে মঙ্গলবার আসানসোল দক্ষিণ থানার আরও এক পুলিশ অফিসার করোনা আক্রান্ত হয়েছেন। এদিন তার লালা নমুনা পরীক্ষার রিপোর্ট করোনা পজিটিভ আসে। এদিন আসানসোল দক্ষিণ থানার অরুনাভ ভট্টাচার্য নামে এক অফিসার করোনাকে হারিয়ে সুস্থ হয়ে কাজে যোগদান করেন। তাকে এদিন ফুল দিয়ে সম্মান জানানো হয়। এই অফিসার অবশ্য চিকিৎসার জন্য কোভিড ১৯ হাসপাতালে ভর্তি হননি। হোম কোয়ারেন্টিনে থেকে নিজেকে সুস্থ করে তুলেছেন। সব মিলিয়ে আসানসোল দক্ষিণ থানায় মোট ৯ জন এখনও পর্যন্ত করোনা আক্রান্ত হয়েছেন। তারমধ্য দু'জন সিভিক ভলান্টিয়ারও আছেন। এদিন আসানসোল জেলা হাসপাতালে মোট ৭ জনের করোনা রিপোর্ট পজিটিভ আসে। যারমধ্যে তিনজন আইসোলেশান ওয়ার্ডে ভর্তি রয়েছেন। এছাড়াও, রুপনারায়ণপুরে ১ জন ও জামুড়িয়ায় ৭ জন নতুন করে করোনায় আক্রান্ত হয়েছেন বলে স্বাস্থ্য দপ্তর সূত্রে জানাগিয়েছে। জামুড়িয়ায় আক্রান্তদের মধ্যে একজন স্বাস্থ্য কর্মী আছেন। সোমবার রাতে স্বাস্থ্য দপ্তর সূত্রে জানা গিয়েছে, পশ্চিম বর্ধমান জেলায় এখনও পর্যন্ত করোনায় আক্রান্ত হয়েছেন মোট ১৭৩৯ জন। মারা গেছেন ১৪ জন। এখনো পর্যন্ত সুস্থ হয়ে বাড়ি ফিরেছেন ৯৩৩ জন।


**মেট্রো রেলওয়ে, কলকাতা**
কলকাতার গর্ব

**বর্তমান টিভিএস, ইসিএস-এর আধুনিকীকরণের জন্য বিশদ ডিজাইন কনসালটেন্সি**

ভারতের রাষ্ট্রপতির তরফে, ডেপুটি চিফ ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ার/কন, মেট্রো রেলওয়ে, মেট্রো রেল ভবন, ৩৩/১, জে. এল. নেহরু রোড, কলকাতা-৭০০০৭১ কর্তৃক নিম্নোক্ত কাজের জন্য ই-টেন্ডার বিজ্ঞপ্তি আহ্বান করা হচ্ছেঃ **কাজের নাম ঃ** মেট্রো রেল কলকাতার ভূগর্ভস্থ অংশের বর্তমান টিভিএস, ইসিএস-এর আধুনিকীকরণের জন্য নর্ম্যাল অপারেশন, কনজেস্টেড অপারেশন, ইমার্জেন্সি মোডের চাহিদা মেটানোর শক্তিদক্ষতা এবং নির্ভরযোগ্যতা সমেত বিশদ ডিজাইন কনসালটেন্সি। **বিজ্ঞাপিত মূল্যঃ** ₹ ৫,৭৮,০৭,৪১৯.৯৬। **বায়না রাশি ঃ** ₹ ৪,৩৯,০০০/-। **প্রাক্-দর অনুসন্ধানের তারিখ ও সময়ঃ** ১৮.০৮.২০২০ দুপুর ৩টা (ভারতীয় সময়)। **বন্ধের তারিখ ও সময়ঃ** ১০.০৯.২০২০ দুপুর ৩টা (ভারতীয় সময়)। **নোটিশ বোর্ডের ঠিকানাঃ** উপরের ঠিকানায় প্রিন্সিপাল চিফ ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারের অফিসে। **ওয়েবসাইটের বিশদ ঃ** **https://www.ireps.gov.in**।

টেন্ডার নং ঃ ইএলপি_২৪আর_ডিডিসিইউজি_ডিটি০১-০৮-২০

দ্রুত নিরাপদ স্বচ্ছন্দ পরিচ্ছন্ন



Fullerton India
Rishta Sammaan Ka

**ফুল্লারটন ইন্ডিয়া ক্রেডিট কোম্পানি লি.**

**রেজি. অফিস** ঃ ৩য় ফ্লোর, ১৬৫ মেঘ টাওয়ারস, পিএইচ রোড, মাদুরাভয়াল, চেন্নাই-৬০০০৯৫।
**কর্পোরেট অফিস** ঃ ৫ ও ৬ ফ্লোর, বি উইং, সুপ্রিম বিজনেস পার্ক, সুপ্রিম সিটি, পোওয়াই, মুম্বই। **CIN No.:** U65191TN1994PLC079235
namaste@fullertonindia.com । Website : www.fullertonindia.com

**শাখা বন্ধ করার জন্য গণবিজ্ঞপ্তি**

এতদ্বারা অবগত করানো যায় যে আমরা সম্পূর্নরূপে শাখার কার্যপ্রণালী বন্ধ করছি প্রয়োজনের কারনে আগামী ৩০-সেপ্টেম্বর-২০২০ থেকে।

**শাখার নাম** ঃ দুর্গাপুর। **ডাক ঠিকানা** ঃ প্রথম ফ্লোর (সামনের দিকে), নজরুল সরণী, ডিসি হলের পেছনে, বেঙ্গল অম্বুজা কমপ্লেক্সের সামনে, সিটি সেন্টার, দুর্গাপুর, পশ্চিমবঙ্গ-৭১৩২১৬।

আমরা এই শাখার গ্রাহক এবং সংযুক্ত অন্যান্যদের জন্য পরিবর্তিত ব্যবস্থার আয়োজন করেছি যা নিম্নলিখিত শাখা থেকে পরিষেবা পাবেন।

**শাখার নাম** ঃ কলকাতা। **ডাক ঠিকানা** ঃ দ্বিতীয় ফ্লোর, ৩৮ রাসবিহারী এভিনিউ, থানা-টালিগঞ্জ, জেলা দক্ষিণ ২৪ পরগণা, কলকাতা, পশ্চিমবঙ্গ-৭০০০২৬। **টেলি নং.** ঃ ৯০৬২২১৭১১০, ৮৪২৫৮৯৯৫৩১, ৮৪২৫৮৯৯৫৩২ ও ৮৪২৫০৯৮৭১১।

ফুল্লারটন ইন্ডিয়া ক্রেডিট কোম্পানি লি.-র পক্ষে
স্বীকৃত আধিকারিক


# স্কুল পড়ুয়ার মৃত্যু ঘিরে রণক্ষেত্র দুর্গাপুর

দুরন্ত বার্তা, দুর্গাপুর, ১১ আগস্ট ঃ পাথর বোঝাই ডাম্পারের ধাক্কায় মৃত্যু হল অষ্টম শ্রেণির এক স্কুল পড়ুয়ার। মঙ্গলবার সকালের এই ঘটনাকে কেন্দ্র করে পশ্চিম বর্ধমান জেলার দুর্গাপুরের কাশীরাম দাস রোড এলাকা রণক্ষেত্রের চেহারা নেয়। এই ঘটনার পরে এলাকার উত্তেজিত জনতারা রাস্তা অবরোধ করে বিক্ষোভ দেখানোর পাশাপাশি ভাঙচুর চালায় ঘাতক ডাম্পারের। আগুন লাগানো হয় চালকের কেবিনে। খবর পেয়ে বিশাল পুলিশ বাহিনী ঘটনাস্থলে পৌঁছায়। বেশ কয়েক ঘন্টার চেষ্টায় পুলিশ উত্তেজিত জনতাকে শান্ত করে, পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে। দুর্ঘটনাকে কেন্দ্র করে এলাকায় চাপা উত্তেজনা থাকায় পুলিশ পিকেট বসানো হয়েছে। পুলিশ ডাম্পারটিকে আটক করার পাশাপাশি, চালককে গ্রেফতার করে। তবে ডাম্পারে কোন খালাসি ছিল না বলে পুলিশ জানতে পারে। দুর্গাপুরের বেনাচিতির শ্রীনগরপল্লীর বাসিন্দা মৃত পড়ুয়ার নাম শুভ্রজ্যোতি মন্ডল (১৩)। সে দুর্গাপুরের একটি বেসরকারি ইংরাজি মাধ্যম স্কুলে অষ্টম শ্রেণিতে পড়তে। পুলিশ ও পরিবার সূত্রে জানা গিয়েছে, শুভ্রজ্যোতি মন্ডল কাশীরাম দাস এলাকায় মামারবাড়িতে বেড়াতে এসেছিল। তার সাইকেল চালানোর নেশা ছিল। শুভ্রজ্যোতি মঙ্গলবার সকালে সাইকেল নিয়ে বেরিয়েছিল। সেই সময় কাশীরাম দাস রোডে প্রচন্ড গতিতে ছুটে আসা পাথর বোঝাই একটি ডাম্পার নিয়ন্ত্রণ হারিয়ে তাকে ধাক্কা মারে। সাইকেল সহ শুভ্রজ্যোতি ডাম্পারের চাকায় আটকে যায়। তখন চালক ডাম্পার নিয়ে পালানোর জন্য তাকে চাকার সঙ্গে বেশকিছুটা টেনে নিয়ে যায়। শুভ্রজ্যোতির মা তা দেখার পরে ডাম্পারের পেছনে দৌড়ে যান ছেলেকে বাঁচানোর জন্য। এলাকার বাসিন্দারাও দৌড়ে আসেন। কিন্তু ততক্ষণে সব শেষ। গুরুতর আহত অবস্থায় তাকে দুর্গাপুর হাসপাতালে নিয়ে যাওয়া হলে, চিকিৎসকরা মৃত বলে ঘোষণা করেন। আরও জানাগিয়েছে, দিন কয়েক আগে অসুস্থ হয়ে দুর্গাপুর ইস্পাত হাসপাতালে ভর্তি হয়েছিল বেনাচিতির শ্রীনগরপল্লীর শুভ্রজ্যোতি মন্ডল। সুস্থ হয়ে হাসপাতাল থেকে ছাড়া পাওয়ার পরে সে মায়ের সঙ্গে কাশীরাম দাস এলাকায় মামারবাড়িতে আসে। এই দুর্ঘটনার পরে উত্তেজিত হয়ে পড়েন এলাকার বাসিন্দারা। তারা ভাঙচুর চালায় ঘাতক ডাম্পারটিকে। আগুন লাগিয়ে দেওয়া হয় ডাম্পারের চালকের কেবিনে। উত্তেজিত জনতারা রাস্তা অবরোধ করে বিক্ষোভ দেখিয়ে দাবি করে যে, মৃত স্কুল পড়ুয়ার পরিবারকে ক্ষতিপূরণ দিতে হবে ডাম্পার মালিককে। এই রাস্তা দিয়ে চলাচল করতে দেওয়া হবে না ওভারলোডেড কোনও গাড়ি। খবর পেয়ে বিশাল পুলিশ বাহিনী ঘটনাস্থলে আসে। পুলিশ ক্ষতিপূরণ দেওয়ার পাশাপাশি এলাকার বাসিন্দাদের দাবি পূরণ করার আশ্বাস দিলে পরিস্থিতি স্বাভাবিক হয়। অষ্টম শ্রেণীর স্কুল পড়ুয়ার মৃত্যুর ঘটনায় এলাকায় শোকের ছায়া নেমে আসে।

# রাজ্য সড়কে লরির চাকায় পিষ্ট হয়ে মৃত্যু ৩ মহিলার

দুরন্ত বার্তা, ঘাটাল, ১১ আগস্ট ঃ লরির চাকায় পিষ্ট হয়ে প্রাণ হারালেন দুই মহিলা। মর্মান্তিক ঘটনাটি ঘটেছে ঘাটাল-পাঁশকুড়া রাজ্য সড়কের দাসপুর থানার জালালপুর মোড় এলাকায়। জানা যায় মালবাহী লরির চাকায় পিষ্ট হয়ে ঘটনাস্থলেই মৃত্যু হয় ঊষা মাইতি ও শুভ্রা ভুঁইয়ার। ৩৪ বছরের ঊষা মাইতি নারায়নগড় থানার তুতারঙ্গ এলাকার বাসিন্দা। ৩৫ বছর বয়সি শুভ্রা ভুঁইয়ার বাড়ি খড়গপুর থানার কইগ্যেড়া অঞ্চলে। পরিবার সূত্রে জানা যায়, ঊষা ও শুভ্রা ভাইয়ের বাইকে চড়ে ঘাটাল আসছিলেন। পথে নিয়ন্ত্রণ হারিয়ে বাইক থেকে পড়ে গিয়ে ট্রাকের চাকার তলায় চলে আসেন ২ মহিলা। ঘটনাস্থলেই মৃত্যু হয় তাঁদের। স্থানীয় প্রত্যক্ষদর্শীরা জানিয়েছেন, মঙ্গলবার সকালে দশচাকা এক লরিকে ওভারটেক করতে গিয়ে নিয়ন্ত্রণ হারিয়ে ফেলেন বাইকের চালক। পিছনের সিটে থাকা দুই মহিলা ছিটকে রাস্তায় পড়ে যান। নিমেষের মধ্যে পিছনে আসা লরির চাকায় পিষ্ট হয়ে মৃত্যু হয় তাঁদের। খবর পেয়ে ঘটনাস্থলে আসে দাসপুর থানার পুলিশ। পুলিশকে ঘিরে স্থানীয়রা বিক্ষোভ দেখান। স্থানীয়দের অভিযোগ, দুর্ঘটনার মূল কারণ ঘাটাল পাঁশকুড়া সড়কের বেহাল অবস্থা। দ্রুত রাস্তা সংস্কারের দাবি তোলেন স্থানীয়রা। দাসপুর থানার পুলিশ মৃতদেহ উদ্ধার করে ময়না তদন্তে পাঠিয়েছে।

# ১০ কোর্ডিনেটরের গণইস্তফা

দুরন্ত বার্তা, রামপুরহাট, ১১ আগস্ট ঃ 'তিনি রাজা, বাকি সবাই প্রজা' রামপুরহাট পুরসভার বর্তমান প্রশাসক অশ্বিনী তেওয়ারির বিরুদ্ধে এই অভিযোগ তুলে ১০ জন কোর্ডিনেটর ইস্তফা দেন। তার পর জেলা কমিটির তরফে টাউন প্রেসিডেন্ট সুশান্ত মুখোপাধ্যায়ের নেতৃত্বে মঙ্গলবার একটি মিটিং হওয়ার কথা ছিল। যদিও তা ফলপ্রসূ হয় নি। তাঁর বিরুদ্ধেও বিভিন্ন ইস্যুতে অভিযোগ রয়েছে কোর্ডিনেটরদের একাংশের। এদিন স্থানীয় বিধায়ক আশীষ বন্দ্যোপাধ্যায় অবশ্য কোর্ডিনেটরদের কাছ থেকে কোন চিঠি প্রাপ্তির কথা স্বীকার করেন নি। একইভাবে তাঁর বিরুদ্ধে অভিযোগ অস্বীকার করে পুরসভার বর্তমান প্রশাসক অশ্বিনী তেওয়ারি বলেন, শহরের এক লক্ষ বাসিন্দার কাছে আমি প্রজা, বরং তাঁরাই রাজা। ৪ নং ওয়ার্ডের কোর্ডিনেটর আব্বাস হোসেন বলেন, কোর্ডিনেটর হিসেবে করোনার মত দুর্দিনে মানুষের পাশে থাকতে পারছি না। তাই এই পদে থেকে কি লাভ। যতদিন আমাদের টার্ম ছিল, মানুষের পাশে থেকেছি। তবে টার্ম শেষ হয়ে প্রশাসক হিসেবে অশ্বিনী তেওয়ারির নিয়োগ হওয়ার পর, মানুষের পাশে দাঁড়াতে পারছি না। একজন সাধারণ কর্মী হিসেবে দলের হয়ে কাজ করতে চাই। এখন বহু দুর্নীতি চলছে। যদিও কী দুর্নীতি তা তিনি বলেন নি। তবে, ১০জন কোর্ডিনেটর একযোগে ইস্তফাপত্রে বলেন, ১ সেপ্টেম্বর কোভিড নিয়ে সভা ডাকা হয় বেলা ৩টা নাগাদ। সদস্য মীনাক্ষী ভকত আসেন

# আক্রান্তের সংখ্যায় সেঞ্চুরি পার নদীয়ায়

দুরন্ত বার্তা, নদীয়া, ১১ আগস্ট ঃ একদিনে করোনা আক্রান্তের সংখ্যায় সেঞ্চুরি করল নদীয়া। নদীয়া জেলায় একদিনে করোনা আক্রান্তের সংখ্যা এযাবৎ সর্বাধিক। স্বাস্থ্য দপ্তর সূত্রে জানা গেছে সোমবার সকাল সাতটা থেকে মঙ্গলবার সকাল সাতটা পর্যন্ত চব্বিশ ঘন্টায় করোনায় আক্রান্ত কুপার্স ক্যাম্প ৬ জন, করিমপুর ১ নম্বর ব্লকে ৬ জন, কৃষ্ণনগর পৌরসভা ৫ জন, কৃষ্ণনগর ১ নম্বর ব্লকে ৩ জন, কৃষ্ণনগর ২ ব্লকে ১ জন, রানাঘাট পৌরসভা ৪, রানাঘাট ২ নম্বর ব্লক ৩ জন, কল্যাণী পৌরসভা ৩, শান্তিপুর পৌরসভা ২ জন, শান্তিপুর ব্লকে ১ জন, কালীগঞ্জ ব্লকে ১ জন, জন, তেহট্ট ২ নম্বর ব্লকে ৮৬ জন, রানাঘাট ১ নম্বর ব্লকে ৭১ জন, রানাঘাট পৌরসভা ৬৯ জন, কৃষ্ণনগর পৌরসভা ৫৭ জন, কৃষ্ণনগর ১ নম্বর ব্লকে ৫৫ জন। নাকাশিপাড়া ৫৪ জন এবং গয়েশপুর পৌরসভা৫১ জন। তবে নদীয়ায় যেভাবে দিনকে দিন আক্রান্তের সংখ্যা বেড়ে চলেছে তাতে চিন্তিত


**NIQ NO:- WBPWD/EE/N24PRG/ELEC/77/2020-21**

Off-line quotation are invited by the EE, N 24 Prgs Electrical Division, P.W.Dte Govt. of W B. for the work Emergent hiring of DG set for making arrangement of alternate backup power in isolation facility at the AL-AMEEN MOZADDEDIYA Hospital, Taki Road under Basirhat Health District in respect to preparation of Quarantine Centre to combat the spread of COVID-19.-PHASE-IX. Bid Proposal submission end dates: **26/08/2020 up to 02:30 PM.** The detail can be obtained from: **http://wbpwd.gov.in**



**NOTICE INVITING TENDER NO: - WBIW/SDO/JInvSD/NIT-07(m)/20-21**

Separate sealed Tenders in printed forms are hereby invited by the Sub-Divisional Officer, Jalpaiguri Investigation Sub-Division, Club Road, Jalpaiguri on behalf of the Governor of the state of West Bengal, from the eligible bonafied, reliable resourceful contractors.



**LIKHAMI CONSULTING LIMITED**
CIN: L45209WB1982PLC034804
Registered Office: 62A, Dr. Meghnad Shah Sarani, Room No.1, 2nd Floor,Southern Avenue,Kolkata-700029,India
E-Mail:info@likhamiconsulting.com;Website:www.likhamiconsulting.com

**EXTRACT OF UNAUDITED STANDALONE FINANCIAL RESULTS FOR THE 1ST QUARTER ENDED 30TH JUNE, 2020**
**[SEE REGULATION 47(1) (B) OF THE SEBI (LODR) REGULATIONS, 2015]**

(Amount in Rs )

| Sl No | Particulars | Quarter Ended 30.06.20 | Previous Quarter Ended 31.03.20 Refer note No. 2 | Corresponding Quarter Ended 30.06.19 | Year Ended 31.03.20 |
|---|---|---|---|---|---|
| | | Unaudited | Audited | Unaudited | Audited |
| 1 | Total Income from Operations | 1,101,351 | 900,000 | 1,702,000 | 5,032,506 |
| 2 | Net Profit / (Loss) for the period (before Tax, Exceptional and /or Extraordinary items) | 75,705 | 20,794 | 30,178 | 168,594 |
| 3 | Net Profit / (Loss) for the period before tax (after Exceptional and/or Extraordinary items) | 75,705 | 20,794 | 30,178 | 168,594 |
| 4 | Net Profit / (Loss) for the period after tax (after Exceptional and /or Extraordinary items) | 75,705 | 20,794 | 30,178 | 46,783 |
| 5 | Total Comprehensive Income for the period [Comprising Profit / (Loss) for the period (after tax) and Other Comprehensive Income (after tax)] | 75,705 | 20,794 | 30,178 | 46,783 |
| 6 | Equity Share Capital | 99500000 | 99500000 | 99500000 | 99500000 |
| 7 | Reserves (excluding Revaluation Reserve as shown in the Audited Balance Sheet of the previous year) | - | - | - | 283953061 |
| 8 | Earnings Per Share (of Rs.10/- each) (Not Annualised except for year ended) Basic & Diluted | 0.01 | 0.00 | 0.00 | 0.00 |

**Note:**
1) The above is an extract of the detailed format of quarterly Unaudited Financial Results filed with the Stock Exchanges under Regulation 33 of the SEBI (Listing Obligations and Disclosure Requirements) Regulations,2015. The full format of the Unaudited Financial Results are available on the Stock Exchange websites viz. www.bseindia.com & www.cse-india.com. The same is also available on the Company's website viz. www.likhamiconsulting.com.
2) The figures for the quarter ended 31st March, 2020, are the balancing figures between audited figures in respect of the full financial year ended 31st March, 2020 and the year to date figures upto the third quarter of financial year 2019-20.

By order of the Board
For **Likhami Consulting Limited**
**Pradip Kumar Ghosh**
Whole-Time Director
DIN No.: 07799909

Place : Kolkata.
Date: 11th August, 2020